

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

২ নভেম্বর ২০২০

বরাবর

মাননীয় মন্ত্রী

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়ঃ ‘লালমনিরহাটের পাটগ্রামে এক ব্যক্তিকে পিটিয়ে ও পুড়িয়ে হত্যা’ প্রসঙ্গে।

মহোদয়,

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন। এইচআরএফবি ২০টি মানবাধিকার ও উন্নয়ন সংগঠনের একটি জোট, যারা ২০০৭ সাল থেকে সরকারের মানবাধিকারসংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ বাস্তবায়নে সরকারকে সহযোগীতার মাধ্যমে দেশে মানবাধিকারের উন্নয়ন ও সুরক্ষায় কাজ করে যাচ্ছে।

ফোরাম সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া একটি অত্যন্ত মর্মান্তিক ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছে। আপনি অবগত আছেন, গত ২৯ অক্টোবর ২০২০ সন্ধ্যায় পাটগ্রাম উপজেলার সীমান্তবর্তী বুড়িমারী ইউনিয়নের বুড়িমারী স্থলবন্দরের পাশে কেন্দ্রীয় জামে মসজিদের ভেতরে ‘কোরআন শরীফ অবমাননার অভিযোগে’ আবু ইউনুস মো. শহিদুল্লাহ জুয়েল (৫০) নামে এক ব্যক্তিকে পিটিয়ে ও পুড়িয়ে হত্যা করে দুষ্কৃতিকারীরা। তবে তার সঙ্গে থাকা আরেক ব্যক্তি সুলতান মো. রুবায়েয়াত সুমনকে (৪৮) আহত অবস্থায় উদ্ধার করেছে পুলিশ। এসময় পুলিশ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত থাকলেও তারা উত্তেজিত জনতাকে নিয়ন্ত্রণ কিংবা ছত্রভঙ্গ করতে পারেনি। এ ঘটনায় তিনটি পৃথক মামলা দায়ের করা হয়েছে এবং সঙ্গে জড়িত থাকার অভিযোগে ছয় জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ প্রেক্ষিতে সম্পূর্ণ নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের যথাযথ বিচার ও আইনানুগ শাস্তি প্রদানের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত করার পাশাপাশি এ ধরনের নৃশংস ঘটনার পুনরাবৃত্তি রোধে কার্যকর সচেতনতা ও প্রতিরোধমূলক ব্যবস্থা নিশ্চিত করার জন্য ফোরাম দাবি জানাচ্ছে। একইসাথে আহত ব্যক্তির প্রয়োজনীয় চিকিৎসা, সংশ্লিষ্ট দুই পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি দেশের আর কোথাও যেন এমন মর্মান্তিক হত্যাকাণ্ড না ঘটে সে ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানাচ্ছে।

এইচআরএফবি মনে করে, ধর্মীয় উত্তেজনার বশবর্তী হয়ে আইন নিজের হাতে তুলে নেয়ার এ প্রবণতা অত্যন্ত ভয়াবহ; যার সুদূরপ্রসারি প্রভাব দেশের সমাজ, আইন ও বিচারব্যবস্থায় পড়তে পারে বলে ফোরাম আশংকা করছে। একইসাথে বিগত বছরগুলোতে বিভিন্ন গণপিটুনি কিংবা উত্তেজিত জনতার আইন হাতে তুলে নেয়ার প্রবণতা থেকে এইচআরএফবি মনে করে, উত্তেজিত সংঘবদ্ধ জনতার

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187

Email: ask@citechco.net web: www.askbd.org

Experts:

Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh MahilaParishad (BMP), FAIR, Kapaeeng Foundation, KarmojibiNari (KN), ManusherJonno Foundation (MJF), NagorikUddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

অপ্রীতিকর আক্রোশ প্রশমিত করার জন্য স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট অন্যান্যদের এ বিষয়ে যথাযথ প্রশিক্ষণ ও নির্দেশনা প্রদান জরুরি। ঠিক তেমনি স্থানীয় ধর্মীয় নেতাদের মানুষের মধ্যে উত্তেজনা তৈরি করে কিংবা এ ধরনের জনআক্রোশ তৈরিতে কোনোভাবে প্রভাবিত করে এমন বক্তব্য প্রদান থেকে বিরত থাকার জন্য সুস্পষ্ট নির্দেশনা প্রদান অত্যাৱশ্যক। পাশাপাশি এ ঘটনা সংঘটনের সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে স্থানীয় প্রশাসন ও নেতৃত্বের পদক্ষেপসমূহ জনগণকে অবহিত করার আহ্বান জানাচ্ছে।

আপনার গৃহীত পদক্ষেপসমূহ ফোরামকে জানানোর অনুরোধ রাখছি।

অনুলিপি ঃ

১. চেয়ারপারসন, জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ
২. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা, বাংলাদেশ।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187
Email: ask@citechco.net web: www.askbd.org

Experts:

Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh MahilaParishad (BMP), FAIR, Kapaeeng Foundation, KarmojibiNari (KN), ManusherJonno Foundation (MJF), NagorikUddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).